দৈনিক সংবাদ

তারিখ 07 NOV 1992
পৃষ্ঠা ৮ কলাম ৮

05

# অশিক্ষা থেকে জাতিকে মুক্তি দিতে সবাইকে এগিয়ে আসতে হবে
## — হাসিনা

(নিজস্ব বার্তা পরিবেশক)

আওয়ামী লীগ সভানেত্রী ও জাতীয় সংসদে বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনা বলেছেন, দেশের রাজনৈতিক দলসহ সকলে যদি গণমানুষের স্বার্থের জন্য কাজ করত, তাহলে এদেশ অনেক দূর এগিয়ে যেত। দেশের ৮০ ভাগ মানুষকে অশিক্ষা থেকে মুক্তি এবং মানুষকে মানুষ হিসেবে বেঁচে থাকার সুযোগ দেবার জন্য সবাইকে আজ একযোগে কাজ করতে হবে।

আওয়ামী লীগ সভানেত্রী গতকাল শুক্রবার রাতে ঢাকা কসমোপলিটন লায়ন্স ক্লাব-৩১৫ বি-এর ২০তম অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

লায়ন ফিরোজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত ওই অভিষেকে লায়ন এম, জি মোরশেদ, লায়ন হুমায়ুন জহির, লায়ন গোলাম রসুল, লায়ন আকরামউদ্দিন আহমেদ, লায়ন আলী নেওয়াজ, লায়ন আবুল কাশেম, লায়ন আবদুল মান্নান প্রমুখ বক্তব্য রাখেন।